ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৯১৬

আগরতলা, ১৮ সেপ্টেম্বর, ২০২৫

**রিকনস্ট্রাকশন সার্জারি আগরতলা মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে  সফলভাবে শুরু**

আর্থ্রোস্কোপিক অ্যান্টেরিয়র ক্রুসিয়েট লিগামেন্ট(এসিএল)রিকনস্ট্রাকশন সার্জারি সরকারিভাবে আগরতলা মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে শুরু হয়েছে। রাজ্যে হাঁটুর গুরুতর লিগামেন্ট আঘাতের চিকিৎসার একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি এবং রোগীদের জন্য আধুনিক চিকিৎসা সুবিধা নিশ্চিত করতে **১৯**বছরের এক কিশোরের আর্থ্রোস্কোপিক অ্যান্টেরিয়র ক্রুসিয়েট লিগামেন্ট রিকনস্ট্রাকশন সার্জারি সরকারিভাবে আগরতলা মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে সফলভাবে সম্পূর্ণ হয়। আর্থ্রাস্কোপিক অ্যান্টেরিয়র ক্রুসিয়েট লিগামেন্ট সার্জারি হলো এক ধরণের ক্ষত-বিহীন আধুনিক পদ্ধতি, যার মাধ্যমে হাঁটুর ভেতরের লিগামেন্ট পুনর্গঠন করা হয়। এর ফলে রোগীরা দ্রুত সেরে ওঠতে পারে, অস্ত্রোপচারের পর খুব তাড়াতাড়ি সুস্থ স্বাভাবিক জীবনে ফিরতে পারে এবং দীর্ঘমেয়াদী হাঁটুর স্থিতিস্থাপকতা বজায় থাকে। এই পদ্ধতি আগের তুলনায় অনেক কম ব্যথা এবং কমঝুঁকি সম্পন্ন।আগরতলা মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের অর্থোপেডিক সার্জারি বিভাগের চিকিৎসক দলের নেতৃত্বে  প্রথম সফল অস্ত্রোপচার সম্পন্ন করেছেন। অস্ত্রোপচার দলের সদস্যরা হলেন: ডাঃ আইজাক দেববর্মা,ডাঃ স্নেহাশিস দত্ত, ডাঃ সুকোমল সরকার, ডাঃ শঙ্কর দেবরায় এই অস্ত্রোপচারে অ্যানেস্থেসিওলজিস্ট টিম অত্যাধুনিক সার্জারি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তারা হলেন ডাঃ রণজিৎ রিয়াং, ডাঃ পামেলা দেববর্মা, ডাঃ তুষার মজুমদার। আগরতলা মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে মেডিক্যাল সুপারিন্টেনডেন্ট এবং হাসপাতালের অন্যান্য কর্তৃপক্ষের দিকনির্দেশনা ও সহযোগিতায় এ ধরনের উন্নত চিকিৎসা ব্যবস্থা জনগণের জন্য উন্মুক্ত করা সম্ভব হয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******